# যেভাবে স্মার্টফোনের আয়ু বাড়াবেন



স্মার্টফোন দ্রুত নষ্ট হয়ে যাওয়ার পেছনে অনেক কারণ রয়েছে। ব্যবহার করার সময় কিছু বিষয়ে নজর দিলে এর আয়ু বাড়ানো সম্ভব।

- সব সময় আসল বা মানসম্মত চার্জার ব্যবহার করুন।
- ব্যাটারির চার্জ ২০ শতাংশের নিচে এলে চার্জ দিন।
- স্মার্টফোন বাইরের ক্ষতি থেকে রক্ষার জন্য কভার ব্যবহার করুন।
- ওয়াটারপ্রুফ হলেও স্মার্টফোন পানির সংস্পর্শ থেকে দূরে রাখুন।

আজকের পত্রিকা
প্রযুক্তি
মঙ্গলবার | ২১ জানুয়ারি ২০২৫ | ৭ মাঘ ১৪৩১ | ৫

টি এইচ মাহির

## স্মার্ট ওয়াটারিং ডিভাইস

# গাছে পানি দেওয়ার দেশীয় প্রযুক্তি



শহরবাসী অনেকে ঘরের বারান্দায় কিংবা ছাদে বাগান করেন। তবে ব্যস্ত জীবনে এর যত্ন নিয়ে পড়তে হয় বিপত্তিতে। কখনো বেশি সময়ের জন্য কোথাও ঘুরতে গেলে গাছে পানি দেওয়া নিয়ে চিন্তার শেষ থাকে না। ফলে শখের গাছগুলো মারা যায়।

এমনই এক ঘটনা ঘটেছিল জুবায়ের হোসেনের সঙ্গে। তিন সপ্তাহের জন্য যুক্তরাষ্ট্রে বেড়াতে যান তিনি। ফিরে এসে দেখেন, শখের গাছগুলোর বেশির ভাগ মরে গেছে। কষ্ট পেয়েই এ সমস্যার সমাধান খুঁজতে থাকেন জুবায়ের।

পেশাগত জীবনে জুবায়ের একজন অ্যাপ ডেভেলপার। সেই বিদ্যা কাজে লাগিয়ে আবিষ্কারের চেষ্টা করলেন অ্যাপ দিয়ে স্বয়ংক্রিয়ভাবে গাছে পানি দেওয়ার উপায়। এরপর ঘরে বসে আইসক্রিমের বাক্স দিয়ে একটি স্মার্ট ওয়াটারিং ডিভাইসের প্রোটোটাইপ তৈরি করেন। সেটি সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করলে ব্যাপক সাড়া মেলে। স্মার্ট ওয়াটারিং ডিভাইস নামের এই স্বয়ংক্রিয় ডিভাইসের মাধ্যমে বাসায় না থাকলেও গাছে পানি দেওয়া যাবে। পরবর্তী সময়ে জুবায়ের এটি বাজারে আনার পরিকল্পনা করেন।

## স্মার্ট ওয়াটারিং ডিভাইস

মানুষের অনুপস্থিতিতে গাছে স্বয়ংক্রিয়ভাবে পানি দেওয়ার ব্যবস্থাই হলো স্মার্ট ওয়াটারিং ডিভাইস। মোবাইল ফোনের একটি অ্যাপের মাধ্যমে নিয়ন্ত্রণ করা যাবে ডিভাইসটি। এমনকি গাছে পানি কতটুকু দিতে হবে বা কোন সময়ে গাছে পানি দিতে হবে, তার সময়সূচিও নির্ধারণ করে দেওয়া যাবে এই অ্যাপে।

ছোট আকারের স্মার্ট ওয়াটারিং ডিভাইসটির দুটি প্রান্ত পানির পাইপের সঙ্গে সংযোগ থাকবে। এক প্রান্ত থেকে পানি আসবে পাইপ দিয়ে এবং অন্য প্রান্ত দিয়ে তা বাগানে বা গাছের গোড়ায় চলে যাবে। আউটপুট প্রান্তের পাইপ আবার বাগানে ভিন্ন ভিন্ন গাছের জন্য আলাদা ছোট পাইপ দিয়ে যুক্ত থাকবে। গাছের ধরন ও আকার অনুযায়ী পানি পড়ার গতি কম-বেশি করা যাবে।

ছোট এই স্মার্ট ওয়াটারিং ডিভাইসটি ঘরের যেকোনো প্রান্তে স্থাপন করা যায়। তারপর ওয়াইফাই এবং ব্লুটুথ দিয়ে অ্যাপের মাধ্যমে ডিভাইসটি নিয়ন্ত্রণ করা যাবে। বর্তমানে বঙ্গ টেক এআই ওয়েবসাইটে ব্লুটুথ এবং ওয়াই-ফাই দুই ধরনের সংযোগসহ স্মার্ট ওয়াটারিং ডিভাইস পাওয়া যাচ্ছে। এটি বিদ্যুতে চলে।

## অ্যাপ দিয়ে নিয়ন্ত্রণ করা যাবে

স্মার্টফোনের মাধ্যমে ডিভাইসটি যুক্ত করার অ্যাপ পাওয়া যাবে গুগল প্লে স্টোরে। স্মার্ট ওয়াটারিং সার্ভিস নামে অ্যাপটিতে প্রবেশ করলেই ডিভাইসটি ব্লুটুথের মাধ্যমে যুক্ত করার অপশন আসবে। অ্যাপ ব্যবহার করে নির্ধারণ করা যাবে গাছে পানি দেওয়ার সময়। কতক্ষণ একটি গাছে পানি দিতে হবে, সেটিও ঠিক করে দেওয়া যাবে। বাসার বাইরে থাকলেও ডিভাইসটি নিয়মিত গাছে পানি দিতে ভুলবে না। এমনকি দেশের বাইরে থেকেও ওয়াই-ফাই সংযোগ দিয়ে গাছে পানি দেওয়া যাবে।

## মেইড ইন বাংলাদেশ

স্মার্ট ওয়াটারিং ডিভাইসটি সম্পূর্ণ দেশে তৈরি। এটির উদ্ভাবন, ডিজাইন ও উৎপাদন—সবকিছুই করা হয়েছে বাংলাদেশে। এটি দেশের প্রযুক্তি খাতে আইওটি ডিভাইস তৈরিতে বড় অনুপ্রেরণা।

ডিভাইসটি দেশের বাজারে যাত্রা শুরু করে ২০২৪ সালের নভেম্বর মাসে। বাজারে আসার পর বিদেশি ক্রেতাদের কাছ থেকেও ইতিবাচক সাড়া মিলেছে। তাই সৌদি আরব, আরব আমিরাত, কাতার, কানাডা, সাইপ্রাস, অস্ট্রেলিয়া ও যুক্তরাষ্ট্রে এই স্মার্ট ওয়াটারিং ডিভাইস রপ্তানি করা হচ্ছে।

স্মার্ট ওয়াটারিং ডিভাইসের উদ্ভাবক এবং উদ্যোক্তা জুবায়ের হোসেন স্নাতক সম্পন্নের পর বিভিন্ন ধরনের অ্যাপ বানিয়ে বেশ সাফল্য পান। তিনি বঙ্গ একাডেমি নামে তাঁর প্ল্যাটফর্মে অ্যাপ ডেভেলপমেন্ট শেখান।

## পুরস্কার ও সম্মাননা

জুবায়ের হোসেন তাঁর কাজের স্বীকৃতি হিসেবে অর্জন করেছেন জাতীয় মোবাইল অ্যাপস অ্যাওয়ার্ড, দক্ষিণ এশিয়ার সেরা উদ্যোক্তা সম্মাননা, ব্র্যাক আয়োজিত মন্থন ডিজিটাল ইনোভেশন অ্যাওয়ার্ড, ভিয়েনা আয়োজিত ওয়ার্ল্ড সামিট অ্যাওয়ার্ড, দিল্লির এমবিলিয়ন্থ অ্যাওয়ার্ড সাউথ এশিয়াসহ বিভিন্ন জাতীয় এবং আন্তর্জাতিক পুরস্কার ও সম্মাননা।

জুবায়েরের এই ডিভাইস গাছপ্রেমীদের জন্য দারুণ এক খবর। শহুরে ব্যস্ততায় এমন একটি ডিভাইস আমাদের শখের গাছগুলো আরও সবুজ করে তুলতে পারবে।



# SMART AUTOMATION

Pioneering Smart Solutions for a Sustainable Tomorrow

www.bongotech.ai




Made In Bangladesh

Bongo iOTech Ltd.
www.bongotech.ai




+8801711292273
57 Zoo Road, Mirpur-1, Dhaka
contact@bongoiotech.com

"We are not just connecting devices; we are empowering possibilities"

BONGO TECH

www.bongotech.ai